# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

**Bangladesh Madrasah Education Board, Dhaka.**

www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১,অংশ/ ৮৯১৮/১৪ তারিখঃ ০৫/০৬/২০১৯ খ্রিঃ।

## ২০১৯ শিক্ষা বর্ষে জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দাখিল অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ২০১৯ শিক্ষা বর্ষে দাখিল ৮ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার রেজিস্ট্রেশন e-SIF (Electronic Student Information Form) পদ্ধতিতে সম্পন্ন করা হবে।

জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য বিগত ২০১৮ সনের দাখিল পরীক্ষার e-SIF এর পাসওয়ার্ড ব্যবহার করা যাবে। নতুন পাসওয়ার্ড সরবরাহ করা হবে না। নতুন দাখিল ৯ম শ্রেণির পাঠদান অনুমতি প্রাপ্ত মাদ্রাসা প্রধানগণ বোর্ডে আবেদন করে পাসওয়ার্ড সংগ্রহ করবেন। **বোর্ড কর্তৃক দাখিল ৯ম শ্রেণির পাঠদান অনুমতিবিহীন মাদ্রাসাসমূহ দাখিল ৮ম শ্রেণির (জেডিসি) রেজিস্ট্রেশন করতে পারবে না।**

**টটলিস্ট প্রস্তুত ও সংরক্ষণ (সংযুক্ত নমুনা ছক অনুযায়ী);**

**ক. ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের তথ্যের মূল ভিত্তি হলো জেডিসি/জেএসসি রেজিস্ট্রেশন। এখানে যেভাবে তার নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি তথ্য এন্ট্রি করা হবে পরবর্তীতে দাখিল/এস.এস.সি./আলিম/এইচ.এস.সি. এবং উচ্চতর শিক্ষার সকল ক্ষেত্রে এই তথ্য অপরিবর্তিত এবং বহাল থাকবে। সুতরাং জেডিসি রেজিস্ট্রেশনে সকল শিক্ষার্থীর সঠিক ও নির্ভুল তথ্য এন্ট্রি নিশ্চিত করতে হবে।**

খ. সাধারণতঃ মাদ্রাসার ভর্তি রেজিস্টারসহ অন্যান্য সকল ক্ষেত্রেই শিক্ষার্থীদের বাংলা নাম ব্যবহার করা হলেও **অনলাইন রেজিস্ট্রেশনে সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক; সুতরাং শিক্ষার্থীদের টটলিস্ট প্রস্তুতের সময় অবশ্যই ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকবৃন্দের নিকট থেকে নামের সঠিক ইংরেজি বানান নিশ্চিত হয়ে টটলিস্ট প্রস্তুত করতে হবে। কেননা একই পিতা-মাতার অন্যান্য সন্তানের শিক্ষা সনদে ব্যবহৃত ইংরেজি নামের সংগে মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীর সনদের নামের ভুল থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরণের জটিলতা এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের সহায়তায় একটি টটলিস্ট প্রস্তুত করে নির্ভুলভাবে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।**

**রেজিস্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলী**

১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ছাড়া (ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী) ফি জমা দেয়ার তারিখ | ১৮/০৩/২০১৯ থেকে ১৮/০৪/২০১৯ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফি সহ (ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী) ফি জমা দেয়ার তারিখ | ২২/০৪/২০১৯ থেকে ৩০/০৪/২০১৯ পর্যন্ত |
| গ) | T.T. জমা করার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF** (Electronic student Information Form) **Submission** (On Line এ জমাদান)/ এন্ট্রি শুরু করা যাবে।<br>(নির্ধারিত তারিখের পর **e-SIF Submission** সংক্রান্ত কোন আবেদন গ্রহন করা হবে না)। এ বিষয়ে কোন সমস্যা হলে T.T. কৃত সোনালী ব্যাংক এর সাথে যোগাযোগ করে সোনালী ব্যাংক বি,এম,ই,বি শাখার মাধ্যমে সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | e-SIF পূরণ ও Submission করার সর্ব শেষ তারিখ ১২/০৫/২০১৯ পর্যন্ত |
| ঘ) | ক্রমিক ০৩ নং এর আলোকে প্রস্তুতকৃত কাগজ পত্র জমা করার সর্বশেষ তারিখ | ১৯/০৫/২০১৯ |

**২. e-SIF (Electronic student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী:**

একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে **প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে**। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার Temporary প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। **সর্বশেষ নির্ভুল** তালিকা হাতে পাওয়ার পর **মাদ্রাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন**। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদ্রাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/অঞ্চলে জমা দিতে হবে। অন্য কপি মাদ্রাসা প্রধান সংরক্ষণ করবেন। **e-SIF এর ফটোকপি গ্রহনযোগ্য নয়।**

৩. মাদ্রাসা প্রধানগণ T.T. জমা করার রশিদের ফটোকপি (সত্যায়িত) , টটলিস্ট, **e-SIF** কপি ও স্বস্ব মাদ্রাসা প্যাডে আবেদনসহ নমুনা ছক মোতাবেক ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদ্রাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ টটলিস্টের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ দিনের মধ্যে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

৪. e-SIF (Electronic student Information Form) Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে **প্রতিষ্ঠান (মাদ্রাসা থেকে মাদ্রাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ২৯ মে ২০১৯ তারিখ পর্যন্ত করা যাবে।**

"নমুনা ছক"

# BANGLADESH MADRASAH EDUCATION BOARD, DHAKA

## TOT LIST FOR JUNIOR DAKHIL CERTIFICATE (JDC) REGISTRATION-2019

| | | | |
|---|---|---|---|
| ZILLA CODE | : | ZILLA NAME | : |
| UPZILLA/THANA CODE | : | UPZILLA/THANA NAME | : |
| CENTER CODE | : | CENTER NAME | : |
| POST OFFICE CODE | : | POST OFFICE NAME | : |
| MADRASAH CODE | : | MADRASAH NAME | : |
| EIIN NO | : | | |

| SL | STUDENT'S NAME | FATHER'S NAME | MOTHER'S NAME | DATE OF BIRTH | OPTIONAL SUBJECT | REG. FEE | LATE FEE | TOTAL FEE | STUDENT'S SIGNATURE |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| TOTAL STUDENT: | | GRAND TOTAL FEE: | | TT NO: | |
| | | | | DATE: | |
| | | | | SONALI BANK BRANCH NAME: | |

বোর্ড কর্তৃক মাদরাসার স্বীকৃতি/অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখঃ.................................................................

অনুমতি/স্বীকৃতির মেয়াদঃ..............................................

গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখঃ .....................................................

প্রত্যয়ন করা যাচ্ছে যে,

১) উল্লেখিত শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় কোড ইত্যাদি সঠিকভাবে লেখা হয়েছে।

২) বিজ্ঞপ্তিতে উল্লেখিত রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত আর কোন আবেদন করবো না।

**অফিস সহকারী**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
আঞ্চলিক কার্যালয়,................

**সহকারী পরিদর্শক**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
আঞ্চলিক কার্যালয়,................

**অধ্যক্ষ/সুপারের স্বাক্ষর ও নামের সীল**
তারিখঃ ..................................